নয়া দিগন্ত

প্রকাশ : সোমবার ১ ডিসেম্বর ২০২৫, ২০:২৩




# উত্তরা ইউনিভার্সিটিতে এডুকেশন অ্যান্ড এডমিশন ফেয়ার শুরু

**দর্শনার্থীরা স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রাম, একাডেমিক সুবিধা, গবেষণা সুযোগ, সহশিক্ষা কার্যক্রম, ক্যাম্পাস সংস্কৃতি এবং উত্তরা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষা পরিবেশ সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে পারবেন।**

উত্তরা ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে স্প্রিং ২০২৬ সেশনের ছাত্রছাত্রীদের জন্য এডুকশেন অ্যান্ড এডমিশন ফেয়ার আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে ১ ডিসেম্বর, সোমবার থেকে। এই ফেয়ারের উদ্দেশ্য সম্ভাব্য শিক্ষার্থীদের ক্যাম্পাসের সত্যিকারের পরিবেশ সম্পর্কে ধারণা দেয়া, বিভিন্ন অনুষদের শিক্ষক এবং অন্যান্য আনুষাঙ্গিক বিষয়ে সার্বিক ধারণা দেয়া।

এছাড়াও মেলা উপলক্ষে বিশেষ ছাড়ের ব্যবস্থা রয়েছে, রয়েছে বিশেষ উপহার। তাই সব মিলিয়ে প্রথম দিনেই দারুণ সাড়া দেখা গেছে মেলায়, তৈরি হয়েছে এক প্রাণবন্ত পরিবেশ।

দুপুর ১২টায় উত্তরা ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা ফিতা কেটে মেলার সূচনা করেন। ১৫ দিনব্যাপী এই আয়োজন আগামী ১৫ ডিসেম্বর পর্যন্ত চলবে।

উদ্বোধনী বক্তব্যে ভিসি বলেন, এডুকেশন অ্যান্ড এডমিশন ফেয়ার আমাদের ইউনিভার্সিটির দীর্ঘদিনের ঐতিহ্যের ধারাবাহিকতার ফসল। আমরা এই আয়োজনের মধ্যে দিয়ে আমাদের সম্ভাব্য শিক্ষার্থীদের তাদের ভবিষ্যৎ তৈরি করার পথ বেছে নিতে সাহায্য করি। তাদের কৌতুহল, তাদের প্রশ্ন, এবং সত্যিকার অর্থে আমরা কেমন প্রতিষ্ঠান- এসব যাচাই করে নেয়ার সবচেয়ে ভালো সুযোগ এটা।

তিনি বলেন, আমরা ছাত্রছাত্রী, তাদের অভিভাবকসহ সবাইকে আমন্ত্রণ জানাই এই সুযোগটি গ্রহণ করার জন্য, উত্তরা ইউনিভার্সিটির ক্যাম্পাস, পরিবেশ, সংস্কৃতি এবং ঐতিহ্যকে সামনাসামনি পরখ করার জন্য। আমি আন্তরিকভাবে সবাইকে এই বছরের এডুকেশন অ্যান্ড এডমিশন ফেয়ারে স্বাগত জানাই। আপনাদের জন্য আমরা যে প্রস্তুতি নিয়েছি, আমরা চাই আপনারা সেটা দারুণভাবে উপভোগ করুন।

বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে আয়োজিত এডুকেশন অ্যান্ড এডমিশেন ফেয়ারে রয়েছে প্রত্যেক বিভাগের আলাদা আলাদা স্টল, যেখানে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষক, কর্মকর্তা এবং সম্ভাব্য শিক্ষার্থী ও অভিভাবকরা বলবেন, তাদের প্রশ্নের উত্তর দেয়া হবে।

দর্শনার্থীরা স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রাম, একাডেমিক সুবিধা, গবেষণা সুযোগ, সহশিক্ষা কার্যক্রম, ক্যাম্পাস সংস্কৃতি এবং উত্তরা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষা পরিবেশ সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে পারবেন।